



“শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার”

নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-০১

তারিখঃ ১৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

পরিপত্র

বিষয়: Pre-Shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT)-এর আওতায় বিদেশ ভ্রমণ।

উপর্যুক্ত বিষয়ে ক্রয়কারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কোন কোন ক্রয়কারী প্রকল্পের ডিপিপি/টিএপিপিতে বিভিন্ন প্যাকেজে PSI/FAT এর উদ্দেশ্যে অর্থের সংস্থান রাখে এবং সাধারণ পণ্যের ক্ষেত্রেও PSI/FAT এর আওতায় অপ্রয়োজনীয় বিদেশ ভ্রমণ করছে। এ সকল ক্ষেত্রে বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যবস্থা সরবরাহকারী/ঠিকাদার করে থাকে এবং এসব ক্ষেত্রে আলাদাভাবেও অর্থ বরাদ্দ থাকে না, যা সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে বিরূপ প্রভাব ফেলবে বলে যুক্তিসংগতভাবে অনুমিত হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৫৫ এর আলোকে এরূপ কার্যাদি স্বার্থের সংঘাত (Conflicts of Interest) হিসেবে বিবেচিত হবে।

০২। বিশেষায়িত কিছু পণ্য ব্যতীত সাধারণভাবে সকল পণ্যের ক্ষেত্রে PSI/FAT করার জন্য বিদেশ ভ্রমণের কোন আবশ্যিকতা নেই। পণ্যের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে স্বাক্ষরিত চুক্তির সাধারণ শর্তাবলীতে (GCC) এর বিধান রয়েছে [উদাহরণ: আদর্শ দরপত্র দলিল, PG4 এর Clause No. 32: Inspections and Tests]। উক্ত শর্তের আলোকে পণ্যের গুণগত মান নিশ্চিতকরণের জন্য ক্রয়কারী চুক্তির বিশেষ শর্তাবলী ও কারিগরি বিনির্দেশ (Specification)-এ প্রয়োজনীয় পরীক্ষার (Test) সংস্থান রাখতে পারে। চুক্তির সাধারণ শর্তানুযায়ী সরবরাহকারীর নিজ খরচে এরূপ পরীক্ষা সম্পন্ন করে ক্রয়কারীকে প্রতিবেদন (Report) দাখিল করার দায়িত্ব সংশ্লিষ্ট সরবরাহকারীর। তবে একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলে ক্রয়কারী নিজ খরচে এজেন্ট নিয়োগ করতে পারে। এক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ৩৮(৩) এর আলোকে পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য ক্রয়কারী সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোন অভিজ্ঞ প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করতে পারবে। উল্লেখ্য, সরবরাহকারী কর্তৃক কোন পরীক্ষা (Test) সম্পাদনের সময় ক্রয়কারীর কোন প্রতিনিধির উপস্থিতির প্রয়োজন হলে তার ব্যয়ভার সংশ্লিষ্ট ক্রয়কারীকে বহন করতে হবে। এক্ষেত্রে বিদেশ ভ্রমণের জন্য আলাদাভাবে অর্থ বরাদ্দ রাখার প্রয়োজন হবে। তবে প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়নকালে শুধুমাত্র প্রয়োজনীয়তার নিরিখে এ ধরনের ব্যয়ের সংস্থান রাখতে হবে।

০৩। চুক্তির সাধারণ শর্তাবলীর ব্যত্যয় ঘটিয়ে ক্রয়কারীগণ বিভিন্ন চুক্তির আওতায় PSI/FAT করার জন্য বিদেশ ভ্রমণ করছেন। অনেক ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদেরও এ কাজে প্রেরণ করা হচ্ছে না। ফলে অহেতুকভাবে পণ্যের চুক্তিমূল্য বৃদ্ধি পাচ্ছে, যা অর্থের সর্বোত্তম ব্যবহার (Value for Money)-কে ব্যাহত করছে। উল্লেখ্য, সরকারি অর্থ সাশ্রয়ের লক্ষ্যে এ কাজে, প্রয়োজনে, ক্রয়কারী বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনেরও সহায়তা গ্রহণ করতে পারে।

০৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, পিপিআর ২০০৮ এর বিধান এবং চুক্তির সাধারণ শর্তের আলোকে জটিল প্রকৃতির পণ্য ব্যতীত অন্য কোন ক্ষেত্রে চুক্তিতে PSI/FAT এর ব্যবস্থা না রাখা এবং একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলে আলাদাভাবে অর্থ বরাদ্দ রেখে এজেন্ট নিয়োগ অথবা কারিগরিভাবে অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা পণ্যের গুণগত মান নিশ্চিত করার জন্য ক্রয়কারীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২০.১.২০২৪

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা

নং ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-০১

তারিখঃ ১৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
- ২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল) (তঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। অফিস কপি।



(মোঃ মাহফুজার রহমান)

পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৯১৮০৬৬৪

ই-মেইল: cptudr4@cptu.gov.bd